
# লেকচার ৬

- ♦ শব্দ
- ♦ শব্দের শ্রেণিবিভাগ

## শব্দ

### বাংলা ভাষায় শব্দ গঠনের প্রক্রিয়া:

| প্রক্রিয়াসমূহ | উদাহরণ |
|---|---|
| ☑ উপসর্গযোগে | আ + হার = আহার |
| ☑ সন্ধিযোগে | বিদ্যা + আলয় = বিদ্যালয় |
| ☑ প্রত্যয়যোগে | গর্ব + ইত = গর্বিত |
| ☑ সমাসযোগে | সিংহ চিহ্নিত আসন = সিংহাসন |
| ☑ দ্বিরুক্তি যোগে | জ্বরজ্বর |
| ☑ পদাশ্রিতনির্দেশক যোগে | আম + গুলো = আমগুলো |
| ☑ পদ পরিবর্তন করে | সুন্দর> সৌন্দর্য |
| ☑ বিভক্তি যোগে | কলম + এ = কলমে |
| ☑ বহুবচনের মাধ্যমে | পাখি + সব = পাখিসব |
| ☑ বাক্য সংকোচনের মাধ্যমে | খ (আকাশে)তে চড়ে যে = খেচর |




## বিভিন্ন প্রকার শব্দ

| গঠন অনুসারে | শব্দ | সংজ্ঞা | উদাহরণ |
|---|---|---|---|
| গঠনমূলক শ্রেণিবিভাগ | ☑ মৌলিক শব্দ | যে শব্দকে বিশ্লেষণ করা যায় না এবং স্বয়ংসম্পূর্ণ অর্থ প্রকাশে সক্ষম তাকে মৌলিক শব্দ বলে। | হাত, ফুল, বই, মুখ, গোলাপ, ভাই, বোন গোলাপ, নাক, লাল, তিন ইত্যাদি |
| | ☑ সাধিত শব্দ | মৌলিক শব্দ বা ধাতু প্রকৃতির সঙ্গে উপসর্গ বা প্রত্যয় যোগে কিংবা সমাসনিষ্পন্ন হয়ে যেসব শব্দ গঠিত হয়, তাদের বলা হয় সাধিত শব্দ। | পরাজয়, চলন্ত, নীলপদ্ম। চাঁদমুখ (চাঁদের মতো মুখ), নীলাকাশ, ডুবুরি, প্রশাসন, গরমিল (গর+মিল) ইত্যাদি |
| অর্থমূলক শ্রেণিবিভাগ | ☑ যৌগিক শব্দ | যে শব্দ প্রকৃতি ও প্রত্যয় যোগে গঠিত হয় এবং প্রকৃতি ও প্রত্যয় বিশ্লেষণ করলে যে সকল শব্দের অর্থ পাওয়া যায়, তাদের যৌগিক শব্দ বলে। | গৈ + অক = গায়ক<br>কৃ + তব্য = কর্তব্য<br>বাবু + আনা = বাবুয়ানা |
| | ☑ রূঢ় বা রূঢ়ি শব্দ | যে সকল প্রত্যয় নিষ্পন্ন বা উপসর্গযুক্ত শব্দ প্রকৃতি ও প্রত্যয়গত অর্থ প্রকাশ না করে জনসমাজে প্রচলিত পৃথক অর্থ বোঝায় তাদের কে বলা হয় । | হস্তী, বাঁশি। |
| | ☑ যোগরূঢ় শব্দ | সমাস নিষ্পন্ন যে সকল শব্দ পূর্ণ ভাবে সমস্যমান পদসমূহের অর্থের অনুগামী না হয়ে কোনো নির্দিষ্ট অর্থ প্রকাশ করে, সেগুলোকে যোগরূঢ় শব্দ বলে। | সরোজ, ডাকাত, জলধি, মহাযাত্রা। |
| উৎসমূলক শ্রেণিবিভাগ | ☑ তৎসম বা সংস্কৃত শব্দ | যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে কোনো রূপ পরিবর্তন ছাড়াই সরাসরি বাংলায় গৃহীত হয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। | চন্দ্র, সূর্য, ধর্ম, নক্ষত্র। |
| | ☑ অর্ধ-তৎসম শব্দ | যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে কিছুটা বিকৃত হয়ে বাংলা ভাষায় গৃহীত ও ব্যবহৃত হয়েছে, সেসব শব্দকে অর্ধতৎসম শব্দ বলে। | ছেরাদ্দ, গিন্নি,বোষ্টম। |

| গঠন অনুসারে | শব্দ | সংজ্ঞা | উদাহরণ |
|---|---|---|---|
| | ☑ তদ্ভব শব্দ | যেসব সংস্কৃত শব্দযুগ-যুগান্তর ধরে বিবর্তনের পথে প্রাকৃত অপভ্রংশের মধ্য দিয়ে পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় গৃহীত হয়েছে ও ব্যবহৃত হয়েছে, সেসব শব্দ কে তদ্ভব শব্দ বলে। | হাত, চামার, কান, পা, মা। |
| | ☑ দেশি শব্দ | বাংলাদেশের আদি জনগোষ্ঠীর ভাষার যে শাব্দিক উপাদান এখনো বাংলা ভাষায় ব্যবহৃত হয়, সেগুলোকে দেশি শব্দ বলে। | খেকশিয়াল, ঢেঁকি, চাড়ি, জলপাই, বাতা। |
| | ☑ বিদেশি শব্দ | বিভিন্ন বিদেশি ভাষা থেকে যেসব শব্দ বাংলা ভাষায় প্রবেশ করেছে এবং বিকৃত কিংবা অবিকৃত ভাবে ব্যবহৃত হচ্ছে সেসব শব্দকে বিদেশি শব্দ বলে। | আইন,ফরিয়াদী,বাদশাহ, বাহাদুর, জমিদার, |

বি:দ্রঃ নতুন বোর্ড বই অনুসারে উৎসমূলক শ্রেণিবিভাগ ৪টি যথা: ১। তৎসম বা সংস্কৃত শব্দ, ২। তদ্ভব শব্দ, ৩। দেশি শব্দ, ৪। বিদেশি শব্দ।

## যোগরূঢ় শব্দ

| যোগরূঢ় শব্দ | মূল অর্থ/সমাসবাক্য | বিশেষ অর্থ | যোগরূঢ় শব্দ | মূল অর্থ/সমাসবাক্য | বিশেষ অর্থ |
|---|---|---|---|---|---|
| জলদ | জল দেয় যে | মেঘ | তুরঙ্গম | যে বেগে গমন করে | ঘোড়া |
| আদিত্য | অদিতির পুত্র | সূর্য | রাজপুত | রাজার পুত্র | জাতি বিশেষ |
| মন্দির | যে কোন গৃহ | দেবালয় | মহাযাত্রা | মহাসমারহে যাত্রা | মৃত্যু |
| অন্ন | যা খাওয়া হয় | ভাত | সহৃদ | সুন্দর হৃদয় যার | বন্ধু |
| বারিধি | বারি ধারণ করে যে | সমুদ্র | বিনা পানি | বিনা ধারণকারী | সরস্বতী |
| জলধি | জল ধারণ করে যে | সমুদ্র | সরোজ | সরোবরে জন্মে যা | পদ্ম |
| অসুখ | নেই সুখ যার | রোগ | অচল | যা চলে না | পর্বত |
| পঙ্কজ | পঙ্কে জন্মে যা | পদ্মফুল | উদ্ভিদ | মাটি ভেদ করে উঠে যায় | বৃক্ষ |
| বেতার | নেই তার যার | বাদ্যযন্ত্র | জলধর | জলকে যে ধরে রাখে | মেঘ |

## বাংলা ভাষায় ব্যবহৃত মিশ্র শব্দ

| | |
|---|---|
| আইনজীবী–ফারসি+তৎসম | খ্রিস্টাব্দ–ইংরেজি+তৎসম |
| বেটাইম–ফারসি+ইংরেজি | ডাক্তারখানা– ইংরেজি+বাংলা |
| রাজাবাদশা–তৎসম+ফারসি | পকেটমার–ইংরেজি+বাংলা |
| হাটবাজার–বাংলা+ফারসি | কালিকলম–বাংলা+আরবি |
| হেডপন্ডিত–ইংরেজি+তৎসম | চৌহদ্দি–ফারসি+আরবি |
| শাকসবজি–তৎসম+ফারসি | তাজমহল–ফারসি+আরবি |

## তৎসম শব্দ চেনার উপায়

১. 'ৎ' যুক্ত সকল শব্দই তৎসম। যথা: পরভৃৎ, বাৎসল্য, বৎসর, কুৎসিত ।
ব্যতিক্রম: বাংলা একাডেমির আধুনিক বাংলা অভিধান অনুযায়ী নিচের ৪টি শব্দ ব্যতিক্রম। যথা: শিলা নাৎসি নানা উৎকপালি।
২. দশটি দিকের নাম তৎসম বা সংস্কৃত যথা: উত্তর, দক্ষিণ, ঈষাণ ইত্যাদি।
৩. হিন্দু ধর্ম সংক্রান্ত (রামায়ণ, মহাভারত, পূজা ইত্যাদি) শব্দ তৎসম ভাষার শব্দ হবে ।
৪. বাংলা বারো মাসের ও সাত বারের নামগুলো তৎসম ভাষার হবে। যেমন: শনি, রবি, আষাঢ়, ফালগুন ইত্যাদি।
৫. সকল ক্রমবাচক বা পূরণবাচক (প্রথম, দশম ইত্যাদি) শব্দ।
৬. ভূ-মণ্ডল সম্পর্কিত অধিকাংশ শব্দই তৎসম শব্দ। যথা: চন্দ্র, সূর্য, নক্ষত্র, ধূমকেতু, উল্কা ইত্যাদি।
৭. 'ক্ষ' ও 'স্ব' যুক্ত সকল শব্দই তৎসম। যেমন: পরীক্ষা, নক্ষত্র, চক্ষু, সূক্ষ্ম, লক্ষ্মী
৮. কোনো শব্দের সাথে ণ, ষ, উষ্ণ, হী-কার, ঋ-কার উ-কার দ্বারা গঠিত শব্দ তৎসম। লবণ, মণ, মণ, মনুষ্য, কষ্ট, নষ্ট, কৃষ্ণ,নদী, ভূগোল, কৃপণ, দূরত্ব ইত্যাদি। ব্যতিক্রম: পোষা, ষোলো, বোষ্টম, কেউ, খ্রিষ্ট, খ্রিষ্টীয়, খ্রিষ্টাব্দ, খ্রিষ্টান, কৃষান তৎসম শব্দ নয় অর্থাৎ অ-তৎসম শব্দ ।
৯. তৎসম উপসর্গ ২০টি। এই ২০টি উপসর্গযুক্ত সকল শব্দ অসম। যথা: প্রভাব, পরাজয় ইত্যাদি।
ব্যতিক্রম আ,সু, বি, নি-এই ৪টি উপসর্গযুক্ত থাকলে সেটি বাংলা শব্দও হতে পারে, আবার তৎসম তৎসম শব্দও হতে পারে। এই ক্ষেত্রে মূল শব্দ অনুযায়ী সেটি নির্ধারণ করতে হবে । -
১০. তৎসম প্রত্যয় যুক্ত সকল শব্দই তৎসম। যেমন: কারক, সাহিত্য, হৈমন্তিক ইত্যাদি ।
১১. বিসর্গযুক্ত এবং বিসর্গ সন্ধিঘটিত সকল শব্দ তৎসম। যেমন: স্বতঃস্ফূর্ত, দুঃখ, দুস্থ, নীরব, অহরহ ইত্যাদি।
১২. বহুবচনবাচক শব্দ (বৃন্দ, গণ, বর্গ, মণ্ডলী, আবলি, গুচ্ছ, দাম, নিকর, পুত্র, মালা, রাজি, রাশি, নিচর) যুক্ত থাকলেই তা তৎসম শব্দ। যেমন: বৃক্ষরাজি, মেঘপুঞ্জ, পণ্ডিতবর্গ, পুস্তকাবলি, কমলনিকর ইত্যাদি।
ব্যতিক্রম তৎসম শব্দ: আকাশ, উদর, কবি, জীবন, ছবি, বায়ু, দান, নদী, লতা, ভবন, নির্দোষ, আভাস, শিখর, তনু, আসন ।

## তৎসম শব্দ মনে রাখার সহজ পদ্ধতি

♣তৎসম শব্দ♣
"হস্ত" এ যদি থাকে "শক্তি"
"চন্দ্র" "সূর্য" "নক্ষত্র" করবে "ভক্তি"।
"ভবনের" "পত্র" "ধর্ম"
"লাভ" "ক্ষতি" "মনুষ্য" "পর্বত" এর "কর্ম"।
"সন্ধ্যায়" করো না "ভোজন" "শয়ন" "গমন"।

## ফারসি শব্দ চেনার একটি উপায়

১৩. সকল রং ফারসি শব্দ ৪টি রং ব্যাতিত
৪টি রং- ১. চকলেট = মেক্সিকান শব্দ, ২. মেজেন্টা = ইংরেজি শব্দ, ৩. কালো = দেশি শব্দ, ৪. নীল = তৎসম শব্দ ।

## আরবি শব্দ

১. আইন শব্দটি ফারসি শব্দ। কিন্তু আইন সংক্রান্ত সকল শব্দ আরবি। যেমন: আদালত, উকিল, মহুরি, এজলেস, হাকিম ইত্যাদি।

## চীনা শব্দ

চা, চিনি, লিচু, লবি, সাম্পান, সিন্ধুর ইত্যাদি।

## পর্তুগীজ শব্দ

অথবা, গীর্জার ইংরেজি পাদ্রী ইস্ত্রিরি করা টুপি পরে বারান্দায় কেদারায় বসে বেহালা বাজাচ্ছিলেন ঠিক তখনই কেরানি চাবি দিয়ে গুদামের আলমারি খুলে তাতে আতা, আনারস, পেয়ারা, পেঁপে, পাউরুটি ও আলপিন রাখলো। আর কামরা পরিষ্কার করে জানালা খুলে পাদ্রীকে তোয়ালে ও সাবান দিলা। পাদ্রী রেগে গিয়ে বললো-- ফালতু কোথাকার!! ইস্পাতের মতো দাঁড়িয়ে আছো কেন? গামলা বালতি কিছুই নাই? আর জামার বোতাম লাগাও নাই কেন?" তখন জমি বর্গা পেরেক আর পিতল নিয়ে এলো আর বললো ওকে আজ নিলামে দিব।
(গীর্জা, ইংরেজি, পাদ্রী, ইস্ত্রিরি, টুপি, বারান্দা, কেদারা, বেহালা, কেরানি, চাবি, গুদাম, আলমারি, আঁতা, আনারস, পেয়ারা, পেঁপে, পাউরুটি, আলপিন, কামরা, জানালা, তোয়ালে, সাবান, ফালতু, ইস্পাত, গামলা, বালতি, জামা, বোতাম, জমি, বর্গা, পেরেক, পিস্তল, নিলাম।)

## বিগত বিসিএস পরীক্ষায় আসা প্রশ্নসমূহ

১. **বাংলা শব্দ ভান্ডারে অনার্য জাতির ব্যবহৃত শব্দ –** [৪৬তম বিসিএস]
ক. তৎসম খ. তদ্ভব গ. দেশি ঘ. বিদেশি উত্তর: গ

২. **যোগরূঢ় শব্দ কোনটি?** [৪৬তম বিসিএস]
ক. কলম খ. মলম গ. বাঁশি ঘ. শাখামৃগ উত্তর: ঘ

৩. **উপসর্গযুক্ত শব্দ –** [৪৬তম বিসিএস]
ক. বিদ্যা খ. বিদ্রোহী গ. বিষয় ঘ. বিপুল উত্তর: খ

৪. **বিভক্তিযুক্ত শব্দ কোনটি?** [৪৬তম বিসিএস]
ক. সরোবরে খ. চশমা গ. সরোজ ঘ. চম্পক উত্তর: ক

৫. **আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে।'কলমোস' কোন ভাষার শব্দ?** [৪৫তম বিসিএস]
ক. পাঞ্জাবি খ. ফরাসি গ. গ্রিক ঘ. স্পেনিশ উত্তর: গ

৬. **নিচের কোনটি যৌগিক শব্দ?** [৪৫তম বিসিএস]
ক. প্রবীণ খ. জেঠামি গ. সরোজ ঘ. মিতালি উত্তর: ঘ

৭. **'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ?** [৪৫তম বিসিএস]
ক. পর্তুগিজ খ. হিন্দি গ. গুজরাটি ঘ. ফরাসি উত্তর: গ

৮. **নিচের কোনটি তৎসম শব্দ?** [৪৪তম বিসিএস]
ক. পছন্দ খ. হিসাব গ. ধূলি ঘ. শৌখিন উত্তর: গ

৯. **'জিজীবিষা' শব্দটির অর্থ কী?** [৪৩তম বিসিএস]
ক. জীবননাশের ইচ্ছা খ. বেঁচে থাকার ইচ্ছা গ. জীবনকে জানার ইচ্ছা ঘ. জীবন-জীবিকার পথ উত্তর: খ

১০. **'ডেকে ডেকে হয়রান হচ্ছি।'- এ বাক্যে 'ডেকে ডেকে' কোন অর্থ প্রকাশ করে?** [৪৩তম বিসিএস]
ক. অসহায়ত্ব খ. বিরক্তি গ. কালের বিস্তার ঘ. পৌনঃপুনিকতা উত্তর: ঘ

১১. **'উলুবনে মুক্তা ছড়ানো' প্রচলিত এমন শব্দগুচ্ছকে বলে-** [৪২তম বিসিএস]
ক. প্রবাদ-প্রবচন খ. এককথায় প্রকাশ গ. ভাবসম্প্রসারণ ঘ. বাক্য সংকোচন উত্তর: ক

১২. **'ঐহিক' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [৪২তম বিসিএস]
ক. ঈদৃশ খ. পারত্রিক গ. মাঙ্গলিক ঘ. আকস্মিক উত্তর: খ

১৩. **আমার জ্বর জ্বর লাগছে-'জ্বর জ্বর' শব্দ দুটি অবিকৃতভাবে উচ্চারিত হওয়াকে বলে-** [৪২তম বিসিএস]
ক. দ্বিরুক্ত শব্দ খ. সামর্থক শব্দ গ. যুগ্মশব্দ ঘ. শব্দদ্বিত্ব উত্তর: ক

১৪. **'বাবা' কোন ভাষার শব্দ-** [৪২তম বিসিএস]
ক. তৎসম খ. তদ্ভব গ. ফারসী ঘ. তুর্কি উত্তর: ঘ

১৫. **'অনুকম্পা' শব্দের ইংরেজি কোনটি-** [৪২তম বিসিএস]
ক. Clemency খ. Enthral গ. Erudition ঘ. Fathom উত্তর: ক

১৬. **'Notification' এর পরিভাষা কোনটি?** [৪২তম বিসিএস]
ক. বিজ্ঞাপন খ. বিজ্ঞপ্তি গ. বিজ্ঞপ্তি ফলক ঘ. প্রজ্ঞাপন উত্তর: ঘ

১৭. **'অধিত্যকা' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [৪২তম বিসিএস]
ক. উপত্যকা খ. অধিত্যকা গ. পার্বত্য ঘ. সমতল উত্তর: ক

১৮. **'গির্জা' কোন ভাষার অন্তর্গত শব্দ?** [৪০তম বিসিএস]
ক. ফারসি খ. পর্তুগিজ গ. ওলন্দাজ ঘ. পাঞ্জাবি উত্তর: খ

১৯. 'জোছনা' কোন শ্রেণির শব্দ? [৪০তম বিসিএস]
ক. যৌগিক খ. তৎসম গ. দেশি ঘ. অর্ধ-তৎসম উত্তর: ঘ

২০. 'বাবা' কোনভাষা থেকে আগত শব্দ? [৩৮তম বিসিএস]
ক. সংস্কৃত খ. হিন্দি গ. তুর্কি ঘ. অহমিয়া উত্তর: গ

২১. 'গিন্নি' কোন শ্রেণির শব্দ? [৩৮তম বিসিএস]
ক. দেশি খ. বিদেশি গ. তদ্ভব ঘ. অর্ধ-তৎসম উত্তর: ঘ

২২. কোনটি মৌলিক শব্দ? [৩৭তম বিসিএস]
ক. মানব খ. গোলাপ গ. একাঙ্ক ঘ. ধাতব উত্তর: খ

২৩. 'হেড মৌলভী' কোন কোন ভাষার শব্দযোগে গঠিত হয়েছে? [৩৬তম বিসিএস]
ক. ইংরেজি+ ফার্সি খ. ইংরেজি+আরবি গ. তুর্কি+আরবি ঘ. ইংরেজি+পর্তুগিজ উত্তর: ক

২৪. 'পরশ্ব'শব্দটির অর্থ কী? [৩৫তম বিসিএস]
ক. পরশু খ. পরেরধন গ. কোকিল ঘ. পার্শ্ববর্তী উত্তর: ক

২৫. বাংলা ভাষায় শব্দ সাধন হয়না নিম্নোক্ত কোন উপায়ে? [৩৫তম বিসিএস]
ক. সমাসদ্বারা খ. লিঙ্গ পরিবর্তনদ্বারা গ. উপসর্গ যোগে ঘ. ক, খ ও গ তিনউপায়েইহয় উত্তর: খ

২৬. কোনটি ইংরেজি শব্দ? [৩২তম বিসিএস]
ক. ম্যাজেন্টা খ. পিস্তল গ. আলমারি ঘ. কমা উত্তর: ঘ

২৭. 'উজবুক'শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? [৩১তম বিসিএস]
ক. ফার্সি খ. তুর্কি গ. পর্তুগিজ ঘ. আরবি উত্তর: খ

২৮. গ্রিক শব্দ কোনটি? [২৭তম বিসিএস]
ক. তুফান খ. লুঙ্গী গ. কুশন ঘ. দাম উত্তর: ঘ

২৯. চৌ-হদ্দি শব্দটি কোন ভাষার শব্দ মিলে হয়েছে? [২৬তম বিসিএস]
ক. বাংলা + ফরাসি খ. সংস্কৃত+ফারসি গ. ফারসি+আরবি ঘ. সংস্কৃত+আরবি উত্তর: গ

৩০. কোন শব্দটি ফারসি? [২৬তম বিসিএস]
ক. মুসাফির খ. তকদির গ. পেরেশান ঘ. মজলুম উত্তর: গ

৩১. দাপ্তরিক কোন শব্দটি ইংরেজি ভাষা থেকে আগত? [২৬তম বিসিএস]
ক. আইন খ. দাখিল গ. এজেন্ট ঘ. মুচলেকা উত্তর: গ

৩২. 'কাঁচি' কোন ধরনের শব্দ? [২৪তম বিসিএস (বাতিল)]
ক. আরবি খ. ফারসি গ. হিন্দি ঘ. তুর্কি উত্তর: ঘ

৩৩. 'বেটাইম'শব্দটি গঠিত হয়েছে- [২৪তম বিসিএস (বাতিল)]
ক. ফারসি ও ইংরেজি শব্দে খ. ফরাসি ও ইংরেজিশব্দে গ. ফারসি ও ফরাসিশব্দে ঘ. ফারসি ও হিন্দি শব্দে উত্তর: ক

৩৪. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ? [২৩তম বিসিএস]
ক. হিন্দি খ. উর্দু গ. পর্তুগিজ ঘ. গ্রিক উত্তর: গ

৩৫. অপলাপ শব্দের অর্থ কি? [২২তম বিসিএস]
ক. অস্বীকার খ. মিথ্যা গ. প্রলাপ ঘ. অসদালাপ উত্তর: ক

৩৬. বাক্যের ক্ষুদ্রতম একক কোনটি? [১৮তম বিসিএস]
ক. শব্দ খ. বর্ণ গ. ধ্বনি ঘ. চিহ্ন উত্তর: ক

৩৭. পর্তুগিজ ভাষা থেকে নিম্নোক্ত একটি শব্দ বাংলা ভাষায় আত্তীকরণ করা হয়েছে- [১৭তম বিসিএস]
ক. টেবিল খ. চেয়ার গ. বালতি ঘ. শরবত উত্তর: গ

## গুরুত্বপূর্ণ প্রশ্ন সমূহ

০১. অর্থবোধক ধ্বনিকে বলা হয়-
ক. বাক্য খ. উপসর্গ গ. শব্দ ঘ. প্রত্যয় উত্তর: গ

০২. বাংলা ভাষায় শব্দ সাধন হয় না নিম্নোক্ত কোন উপায়ে?
ক. সমাসদ্বারা খ. লিঙ্গ পরিবর্তন দ্বারা গ. উপসর্গ যোগে ঘ. ক, খ ও গ তিন উপায়েই হয় উত্তর: খ

০৩. গঠন অনুসারে শব্দ কয় প্রকার?
ক. তিন খ. দুই গ. পাঁচ ঘ. চার উত্তর: খ

০৪. শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দ সমষ্টি কে ভাগ করা যায়-
ক. দুইভাগে খ. তিনভাগে গ. চারভাগে ঘ. পাঁচভাগে উত্তর: খ

০৫. যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন, তাকে বলে-
ক. যৌগিক শব্দ খ. যোগরূঢ় শব্দ গ. রুঢ়ি শব্দ ঘ. মৌলিক শব্দ উত্তর: ক

০৬. কোন দুটিশব্দ যৌগিকশব্দ?
ক. হস্তী, বাঁশি খ. গায়ক, বাবুয়ানা গ. রাজপুত, সহযাত্রা ঘ. ঢাকা, গোলাপ উত্তর: খ

০৭. কোনটি যোগরূঢ় শব্দ?
ক. পঙ্কজ খ. সন্দেশ গ. প্রবীণ ঘ. গায়ক উত্তর: ক

০৮. 'গৃহিণী' কি জাতীয় শব্দ?
ক. বিদেশি খ.আধা-সংস্কৃত গ. সংস্কৃত ঘ.দেশি উত্তর: গ

০৯. কোনটি তৎসম শব্দ?
ক. চা খ. চেয়ার গ.কান ঘ. ধর্ম উত্তর: ঘ

১০. সংস্কৃত শব্দ কোনটি তা নির্দেশ করুন-
ক. আম্মা খ. মা গ. মাতা ঘ. মাত উত্তর: গ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১. | 'চন্দ্র' কোন শব্দের উদাহরণ? | | | | |
| | ক. তৎসম | খ. তদ্ভব | গ. বিদেশি | ঘ. দেশি | উত্তর: ক |
| ১২. | 'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? | | | | |
| | ক. বাংলা | খ. সংস্কৃত | গ. বিদেশি | ঘ. তদ্ভব | উত্তর: খ |
| ১৩. | 'ধুম্র' শব্দটি নিচের কোন শ্রেণীভুক্ত? | | | | |
| | ক. অর্ধতৎসম | খ. দেশি | গ. তদ্ভব | ঘ.তৎসম | উত্তর: ঘ |
| ১৪. | 'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু হতে গঠিত? | | | | |
| | ক. সংস্কৃত | খ. খাঁটিবাংলা | গ.দেশি | ঘ.বিদেশি | উত্তর: ক |
| ১৫. | 'চাঁদ' কোন শ্রেণীর শব্দ? | | | | |
| | ক. তৎসম | খ. অর্ধ-তৎসম | গ. তদ্ভব | ঘ.দেশি | উত্তর: গ |
| ১৬. | নিচের কোন শব্দটি তদ্ভব? | | | | |
| | ক. হাত | খ. কর্ণ | গ. মৎস্য | ঘ. কার্য | উত্তর: ক |
| ১৭. | পাখি কোন ধরনের শব্দ? | | | | |
| | ক. সংস্কৃত | খ. বিদেশি | গ.তদ্ভব | ঘ.অপভ্রংশ | উত্তর: গ |
| ১৮. | 'মা'শব্দটি কোনভাষা থেকে এসেছে? | | | | |
| | ক. ল্যাটিন | খ.আরবি | গ. হিন্দি | ঘ. তদ্ভব | উত্তর: গ |
| ১৯. | নিচের কোনটি অর্ধ-তৎসম শব্দ? | | | | |
| | ক. গিন্নি | খ. হস্ত | গ. গঞ্জ | ঘ. তসবি | উত্তর: ক |
| ২০. | 'কৃষ্ণ'-এর অর্ধ-তৎসম শব্দ কোনটি? | | | | |
| | ক. পুত্র | খ. কেষ্ট | গ. পুত্তর | ঘ. বিষ্ট | উত্তর: খ |

## বাড়ির কাজ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১. | অসুর এর বিপরীত শব্দ কোনটি? | | | | |
| | ক. সুর | খ. বেসুর | গ. নসুর | ঘ. কোনটিইনয় | উত্তর: ক |
| ০২. | 'আচার' এর বিপরীত শব্দ কোনটি? | | | | |
| | ক. বেচার | খ. ন চার | গ. অনাচার | ঘ. চার | উত্তর: গ |
| ০৩. | 'অনশন' এর বিপরীত কী? | | | | |
| | ক. বেশন | খ. নশন | গ. শন | ঘ. অশন | উত্তর: ঘ |
| ০৪. | 'এ কাল' এর বিপরীত কী? | | | | |
| | ক. বিকাল | খ. সেকাল | গ. অকাল | ঘ. কোনটিই নয় | উত্তর: খ |
| ০৫. | 'তমাসিক' শব্দের বিপরীত কি? | | | | |
| | ক. রাজসিক | খ. বানি | গ. শীতল | ঘ. সাধু | উত্তর: ক |
| ০৬. | 'সুনামি'শব্দটি- | | | | |
| | ক. জাপানি | খ. ডাচ্ | গ. ফরাসি | ঘ. চীনা | উত্তর: ক |
| ০৭. | 'খদ্দর'শব্দ বাংলা ভাষায় এসেছে- | | | | |
| | ক. গুজরাটি থেকে | খ. হিন্দি থেকে | গ. উর্দু থেকে | ঘ. বর্মি থেকে | উত্তর: ক |
| ০৮. | 'হরতাল' কোন ভাষার শব্দ? | | | | |
| | ক. ওলন্দাজ | খ. চীনা | গ. গুজরাটি | ঘ. ফারসি | উত্তর: গ |
| ০৯. | 'আদালত' শব্দটি কোন ভাষার শব্দ? | | | | |
| | ক. ফারসি | খ. আরবি | গ. বাংলা | ঘ. পুর্তগিজ | উত্তর: খ |
| ১০. | 'তুফান' শব্দটি কোন ভাষা হতে আগত? | | | | |
| | ক. আরবি | খ. চীনা | গ. হিন্দি | ঘ. জাপানি | উত্তর: ক |
| ১১. | 'কার্তুজ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা শব্দ সম্ভারে যুক্ত হয়েছে? | | | | |
| | ক. ফরাসি | খ. ফারসি | গ. আরবি | ঘ. পর্তগিজ | উত্তর: ক |
| ১২. | 'বাবুর্চি' কি শব্দ? | | | | |
| | ক. ফারসি | খ. উর্দু | গ. আরবি | ঘ. তুর্কি | উত্তর: ঘ |
| ১৩. | 'হাঙ্গামা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? | | | | |
| | ক. আরবি | খ. সংস্কৃতি | গ. ফরাসি | ঘ. ফারসি | উত্তর: ঘ |
| ১৪. | 'ফৌজদারি' কোন ভাষার শব্দ? | | | | |
| | ক. দেশি | খ. সংস্কৃতি | গ. পর্তুগিজ | ঘ. ফারসি | উত্তর: ঘ |
| ১৫. | 'চাবি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? | | | | |
| | ক. ফরাসি | খ. ইংরেজি | গ. পর্তুগিজ | ঘ. হিন্দি | উত্তর: গ |
| ১৬. | 'আলকাতরা' শব্দটি কোন ভাষা থেকে আগত? | | | | |
| | ক. তুর্কি | খ. আরবি | গ. পর্তুগিজ | ঘ. ফরাসি | উত্তর: গ |
| ১৭. | কোন শব্দটি ইংরেজি থেকে বাংলায় এসেছে? | | | | |
| | ক. বাদাম | খ. বোতল | গ. বাজিমাৎ | ঘ. বাগান | উত্তর: খ |
| ১৮. | 'পানি'শব্দটি কোন ভাষা থেকে এসেছে? | | | | |
| | ক. সংস্কৃতি | খ.ফারসি | গ. হিন্দি | ঘ. আরবি | উত্তর: গ |
| ১৯. | 'কাছারি' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? | | | | |
| | ক. হিন্দি | খ. ফারসি | গ. উর্দু | ঘ. সংস্কৃতি | উত্তর: ক |
| ২০. | 'সিডর' কোন ভাষার শব্দ? | | | | |
| | ক. সিংহলি | খ. উর্দু | গ. বাংলা | ঘ. কোনটিই নয় | উত্তর: ক |